



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/২০২৫/৬১৮

তারিখ : ১২/০২/২০২৫ খ্রি.

বিষয় : ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা সংক্রান্ত মত বিনিময় সভা, পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক অন্যান্য সরঞ্জামাদি বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার মতবিনিময় সভা, পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক অন্যান্য সরঞ্জামাদি বিতরণ নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত কেন্দ্র সচিবগণকে সকাল ১০.০০ ঘটিকায় বোর্ডের সম্মেলন কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যাতায়াতের জন্য শিক্ষা বোর্ড থেকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মতবিনিময় সভা অতীব গুরুত্বপূর্ণ বিধায় কোন প্রতিনিধির উপস্থিতি কাম্য নয়।

সময়সূচি :

সুনামগঞ্জ জেলা : ২৩/০২/২০২৫ খ্রি. (রবিবার)


হবিগঞ্জ জেলা : ২৪/০২/২০২৫ খ্রি. (সোমবার)

মৌলভীবাজার জেলা : ২৫/০২/২০২৫ খ্রি. (মঙ্গলবার)

সিলেট জেলা : ২৬/০২/২০২৫ খ্রি. (বুধবার) - সিলেট সদর, গোলাপগঞ্জ ও দক্ষিণ সুরমা উপজেলা।

সিলেট জেলা : ২৭/০২/২০২৫ খ্রি. (বৃহস্পতিবার) - সিলেট জেলার অন্যান্য সকল উপজেলা।

পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ডকুমেন্ট সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের eSheba মেন্যু হতে Download করতে হবে। eSheba মেন্যুতে ক্লিক করে User name এবং Password দিয়ে Login করে Examination Document মেন্যু হতে সকল পরীক্ষার্থীর নামের তালিকা, রোল প্রিপ, স্বাক্ষরপত্র, প্রবেশ পত্র এবং কেন্দ্রে প্রেরিত প্রশ্নের সংখ্যার বিবরণ Download করে প্রিন্ট করতে হবে।


১২/০২/২০২৫

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।


প্রাপক : কেন্দ্র সচিব

এসএসসি পরীক্ষা-২০২৫

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ২। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৭। সেকশান অফিসার(স্টোর), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৮। সংরক্ষণ নথি।


১২/০২/২০২৫